গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেল সুপারের কার্যালয়
পাবনা জেলা কারাগার।
www.prison.pabna.gov.bd

স্মারক-৫৮.০৪.৭৬০০.১৩৪.০৩.০২৬.২০২২- ৪৮০৬

তারিখঃ ১১ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

বিষয় : জাতীয় শুদ্ধাচার সম্পর্কিত অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

বরাত : বিভাগীয় কারা সদর দপ্তর রাজশাহীর পত্র নং- ৫৮.০৪.৮১০০.০৬৩.০৩.০০২.২২-৪০০০, তাং:-২৪.১২.২০২২।

বরাতে বর্ণিত পত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পাবনা জেলা কারাগারের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে বিদ্যমান অন্তরায়সমূহ চিহ্নিত করে তা দুরীকরণে স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন ও নৈতিকতা কমিটির ১ম সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এতদ্সঙ্গে সবিনয়ে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ক) ১ম নৈতিকতা কমিটির বাস্তবায়ন প্রতিবেদন................................০১ (এক) পাতা।
খ) শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায়সমূহের অন্তরায়ের বাস্তবায়ন প্রতিবেদন.......০১ (এক) পাতা।

২৮/১২/২০২২
**মোঃ নাসির উদ্দিন প্রধান**
জেল সুপার
পাবনা জেলা কারাগার।
☎০২৫৮৮৮৪৫৬২৪(দপ্তর)
E-mail-jailsuperpabna@gmail.com

কারা উপ-মহাপরিদর্শক
রাজশাহী বিভাগ,রাজশাহী।

২৮/১২/২০২২

২৮/১২/২০২২

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের নিমিত্তে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কারা অধিদপ্তরের দিক নির্দেশনা মোতাবেক বন্দিদের সংশোধনের মাধ্যমে সমাজে তাদের সুস্থ্য স্বাভাবিক জীবনে ফিরে যাওয়ার লক্ষ্যে সুনাগারিক হিসেবে বন্দিকে কারাগারে পরিশুদ্ধ করার জন্য বহুমূখী কার্যক্রম ও সেবা প্রদান করতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কারা অধিদপ্তরের দিক নির্দেশনা মোতাবেক বন্দিদের সংশোধনের মাধ্যমে সমাজে পুনর্বাসন ও সুস্থ্য স্বাভাবিক জীবনে ফিরে দিয়ার লক্ষ্যে এ কারাগারে তাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের পাশাপাশি স্থানীয় সমাজ সেবা অফিসের সহায়তায় মুক্তিপ্রাপ্ত বন্দিদের পুনর্বাসনের অংশ হিসেবে সেলাই মেশিন, রিক্সা, ভ্যান গাড়ী প্রদানের বহুমূখী কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| ০২ | প্রতি মাসে গণশুনানীর আয়োজন করতে হবে এবং গণশুনানীর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রতি মাসে দুইবার গণশুনানীর আয়োজন করা হচ্ছে। |
| ০৩ | জেল সুপার, জেলার, ডেপুটি জেলার, সর্ব প্রধান কারারক্ষীর উপস্থিতিতে কারাভ্যন্তরের ভিতরে এবং বাহিরে অভিযোগ বাক্স সপ্তাহে একবার খুলতে হবে এবং অভিযোগ প্রাপ্তির স্বাপেক্ষে আশু সামাধানের ব্যবস্থা করতে হবে। | অত্র কারাগারে ভিতর এবং বাহিরে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে এবং নিয়মিত জেল সুপার, জেলার, ডেপুটি জেলার ও সর্ব প্রধান কারারক্ষীর উপস্থিতে অভিযোগ বক্স খোলা হয় অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ০৪ | দৃষ্টিগোচর স্থানে সিটিজেন চার্টার রাখা এবং সেবাগুলো সম্পর্কে দর্শানার্থীদের সচেতন করতে হবে এবং ডিজিটাল ডিসপ্লেতে জামিনের তালিকা নিয়মিত প্রদর্শন করতে হবে। | অত্র কারাগারে দৃষ্টিগোচর স্থানে নতুন প্রজন্মের সিটিজেন চার্টার এর সেবাগুলো সম্পর্কে দর্শানার্থীদের সচেতন করতে করা হচ্ছে এবং ডিজিটাল ডিসপ্লেতে জামিনের তালিকা নিয়মিত প্রদর্শন করা হচ্ছে। |
| ০৫ | মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা এবং কাউন্সেলিং এর মাধ্যমে সুস্থ্য করে তোলাসহ সকল বন্দির চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে। | মাদকাসক্ত বন্দিদের চিকিৎসাসেবার পাশাপাশি স্থানীয় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অফিসের সহায়তায় তাদের নিয়মিত কাউন্সেলিং এর কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| ০৬ | রোল কল ও দরবারে দূর্নীতি ও অনিয়ম বিরোধী সচেতনমূলক বক্তব্য প্রদান করা হচ্ছে। দূর্নীতি সংক্রান্তে কোন অভিযোগ পেলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে মর্মে সতর্ক করতে হবে এবং দর্শনার্থীদের সাথে সদাচরণ করতে হবে। | নিয়মিত প্রতিদিনের রোলকলে মাসিক দরবারে দূর্নীতি ও অনিয়ম এর বিষয়ে সকল স্টাফদের কঠোরভাবে সতর্কের পাশাপাশি দর্শনার্থীদের সাথে ভালো আচরণের জন্য সবাইকে উৎসাহিত করা হচ্ছে। |
| ০৭ | অনুসন্ধান ও তথ্য কেন্দ্রে তথ্য প্রদানকারী কর্মকর্তা বিকল্প তথ্য প্রদান কারী কর্মকর্তা এবং আপিল কর্মকর্তার নাম, পদবী, মোবইল নম্বর ও ই-মেইল আইডিসহ ব্যনার টানানো স্থাপন করতে হবে। যাতে তথ্য প্রাপ্তিতে সহজতর হয়। সুশাসন প্রতিষ্ঠার অন্যতম বাধা হিসেবে অত্র কারাগারের বিদ্যমান চ্যালেঞ্জ চিহ্নিত করে তা সমাধানের চেষ্টা করতে হবে। | অনুসন্ধান ও তথ্য কেন্দ্রে তথ্য প্রদানকারী কর্মকর্তা বিকল্প তথ্য প্রদান কারী কর্মকর্তা এবং আপিল কর্মকর্তার নাম, পদবী, মোবইল নম্বর ও ই-মেইল আইডিসহ জাতীয় তথ্য বাতায়ন, সিটিজেন চার্টার এর পাশাপাশি বিভিন্ন ব্যনার টানানো স্থাপন করা হয়েছে। |
| ০৮ | কর্মকর্তা/কর্মচারীদের উত্তম চর্চা (Best Practice) চিহ্নিত করণ, অনুসরন এবং বহুল প্রচার ও প্রসারের উল্লেখ করতে হবে। | এ কারাগারের কর্মকর্তা/কর্মচারীদের মাঝে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বিষয়ক প্রশিক্ষণ,৬০ ঘণ্টার প্রশিক্ষণের পাশাপাশি, স্থানীয়ভাবে অগ্নিনির্বাপন প্রশিক্ষণ ছাড়াও বিভিন্ন সংস্থার মাধ্যমে স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। |

২৬/১২/২০২২
(মোঃ নাসির উদ্দিন প্রধান)
জেল সুপার
পাবনা জেলা কারাগার।

২৬/১২/২০২২

২৬/১২/২০২২

## পাবনা জেলা কারাগার।

শুদ্ধাচার প্রতিষ্টার ক্ষেত্রে বিদ্যমান অন্তরায়সমূহ চিহ্নিত করে তার দূরীকরণে স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সুনির্দিষ্ট কর্মপরিকল্পনাসমূহ:

| ক্রঃ | শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায়সমূহ | সল্পমেয়াদী কর্মপরিকল্পনা | মধ্যমেয়াদী কর্মপরিকল্পনা দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা | দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ০১ | অত্র কারাগারে বন্দিদের মাঝে নৈতিক জ্ঞান প্রসারে গাডিং স্টাফদের দক্ষতা উন্নয়নের জন্য এবং মাদকাসক্ত বন্দিদের নিয়মিত কাউন্সিলিং করার জন্য মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাধ্যমে কারা কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা নিয়মিত করণ। | বন্দিদের মাঝে নৈতিক জ্ঞান প্রসারে গাডিং স্টাফদের দক্ষতা উন্নয়নের জন্য এবং মাদকাসক্ত বন্দিদের নিয়মিত কাউন্সিলিং করার জন্য মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাধ্যমে কারা কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | বন্দিদের মাঝে নৈতিক জ্ঞান প্রসারে গাডিং স্টাফদের দক্ষতা উন্নয়নের জন্য এবং মাদকাসক্ত বন্দিদের নিয়মিত কাউন্সিলিং এর জন্য মাদকাসক্ত সম্পর্কিত বিভিন্ন ব্যানার লিপলেট, ব্যানার কারাগারের বিভিন্ন স্থানে টানিয়ে বন্দিদের সচেতন করা যেতে পারে। | কারা অধিদপ্তরের মাধ্যমে গাডিং স্টাফদের উপস্থিতে অথবা ভার্চুয়ালী কিছু প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখা যেতে পারে। | অত্র কারাগারে মাসে প্রায় ২ বার মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অফিসের সহায়তায় মাদকের কুফল সম্পর্কে তাদের বোঝানো ও বিভিন্ন চিত্র প্রদর্শন করাসহ মাদক দ্রব্য নিয়ন্ত্রণ সহায়তায় প্রশিক্ষণ গ্রহণের জন্য ০১ জন কারারক্ষীর নাম প্রেরণ করা হয়েছে। |
| ০২ | দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় কারা অধিদপ্তরের আদর্শবাণী (Slogan) প্রচারের ব্যবস্থা গ্রহণ। | দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় কারা অধিদপ্তরের আদর্শবাণী (Slogan) এ সংক্রান্তে ব্যানার, ক্যাপশন ইত্যাদি তৈরি করে প্রতিষ্ঠানের সামনে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে লাগিয়ে রাখাসহ সকলকে সর্তক করা হচ্ছে। | ধর্মীয় অনুশাসনের প্রতি সকলের সচেতনাবোধ সৃষ্টি করে সকলে একসাথে কাজ করে এ সমস্যা সমাধান করা যেতে পারে। | সকল কর্মকর্তা/কর্মচারীদের সিলেকশন, টাইম স্কেল ও বেতন বৈষম্য দূর করে এ সমস্যার সমাধান করা যেতে পারে। | নিয়মিত প্রতিদিনের রোলকলে মাসিক দরবারে দূর্নীতি ও অনিয়ম এর বিষয়ে সকল স্টাফদের কঠোরভাবে সর্তকের পাশাপাশি দর্শনার্থীদের সাথে ভালো আচরণের জন্য সবাইকে উৎসাহিত ও অনুপ্রাণিত করা হচ্ছে। |
| ০৩ | বন্দির জামিন/খালাস বা এক কারাগার থেকে অন্য কারাগারের বদলী হলে এলইডি মনিটরের মাধ্যমে প্রকাশ করা এবং এস এম এ্যাপ চালু করণ। | বন্দির জামিন/খালাস বা এক কারাগার থেকে অন্য কারাগারের বদলী হলে এলইডি মনিটরের মাধ্যমে নাম ঠিকানা প্রকাশ করা হচ্ছে। | বন্দির জামিন/খালাস বা এক কারাগার থেকে অন্য কারাগারের বদলী হলে এলইডি মনিটরের মাধ্যমে নাম ঠিকানা প্রকাশ এর পাশাপাশি ওয়ান স্টফ সার্ভিসের দুরবর্তী বাড়ি বন্দিদের জামিন/খালাস বা এক কারাগার থেকে অন্য কারাগারে বদলীর বিষয়ে অবগত করা যেতে পারে। | বন্দির জামিন/খালাস বা এক কারাগার থেকে অন্য কারাগারের বদলী হলে এলইডি মনিটরের মাধ্যমে প্রকাশ করা হচ্ছে এর পাশাপাশি কারা অধিদপ্তরের সহায়তায় তথ্য প্রদানের নিমিত্ত দেশের প্রতিটি কারাগারে এস এম এস এ্যাপ চালু করা যেতে পারে। | বর্তমানে বন্দির জামিন খালাস সংক্রান্ত তথ্যাদি এলইডি ডিসপ্লের মাধ্যমে প্রকাশ করা হচ্ছে। এস এম এস এ্যাপ এর বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। |

২৮।১২।২০২২
(মোঃ নাসির উদ্দিন প্রধান)
জেল সুপার
পাবনা জেলা কারাগার।

২৮।১২
২০২২

২৮।১২
২০২২